দৈনিক বাংলা

তারিখ 5|10|74
পৃষ্ঠা 4 কলাম 5

130

# অনাথ শিশুদের জন্য চারটি নার্সিং স্কুল প্রতিষ্ঠিত হবে

সমাজকল্যাণমন্ত্রী জনাব এস এ বারী এ টি মঙ্গলবার বলেন, শিশুদের যথাযথভাবে গড়ে তোলার জন্য সরকার প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টির চেষ্টা করবেন। এ প্রচেষ্টায় সকলে সহায়তা করার জন্য তিনি জনগণকে এগিয়ে আসার আহ্বান জানান।

বাসস জানাচ্ছে, স্থানীয় বাংলাদেশ পরিষদে বিশ্ব শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ জাতিসংঘ সমিতি আয়োজিত আলোচনা বৈঠকে তিনি বক্তৃতা করছিলেন।

তিনি বলেন, শিশুরা হলো জাতির ভবিষ্যৎ। এদের খাদ্য, বস্ত্র ও আশ্রয় নিশ্চিত করা দেশ এবং সমাজের কর্তব্য। আমাদের উচিত তাদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করা।

সমাজকল্যাণমন্ত্রী বলেন, মুক্তিযুদ্ধে নিহত পিতামাতার সন্তানদের জন্য চারটি বিভাগীয় সদর দফতরে একটি করে নার্সিং স্কুল শীগগীরই প্রতিষ্ঠা করা হবে।

বাংলাদেশের অনাথদের গ্রহণে বিদেশীদের আগ্রহ সম্পর্কে দুঃখ প্রকাশ করে তিনি বলেন, এ ব্যাপারে আমাদের দেশের ধনীদের কারো কাছ থেকেই কোন প্রকার সাড়া পাওয়া যায়নি।

শিশুকল্যাণ পরিষদের অস্থায়ী সভানেত্রী ডঃ নীলিমা ইব্রাহিম দাগী আসামীদের সংস্পর্শ থেকে শিশুদের দূরে রাখার উদ্দেশ্যে এদের জন্য পৃথক আদালত ও কারাগার প্রতিষ্ঠার সুপারিশ জানান।